

উপজেলা পরিষদ কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

স্মারক নং- উ.প.কা/গ.ম/উপজেলা কমিটি/২০২১-

তারিখঃ ০৯/১১/২০২১ খ্রিঃ।

নোটিশ

গফরগাঁও উপজেলা পরিষদের সমাজকল্যাণ বিষয়ক উপজেলা কমিটির সদস্যগণকে জানানো যাচ্ছে যে, আগামী ১৭/১১/২০২১ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ ঘটিকার নিম্নস্বাক্ষরকারীর অফিস কক্ষে সভা অনুষ্ঠিত হবে। উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।



(রেশমা আক্তার)  
মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ  
গফরগাঁও, ময়মনসিংহ।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/ কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৩। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৫। উপজেলা সমাজসেবা অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৬। চেয়ারম্যান.....ইউ.পি. গফরগাঁও, ময়মনসিংহ।
- ৭। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা সমাজসেবা অফিসারের কার্যালয়  
গফরগাঁও, ময়মনসিংহ।

সমাজকল্যাণ বিষয়ক স্থায়ী কমিটির কার্যবিবরণী

সভাপতি : জনাব রেশমা আক্তার, উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান, গফরগাঁও, ময়মনসিংহ।  
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ এর অফিস কক্ষ।  
সভার তারিখ : ১৭/১১/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১.৩০ ঘটিকায়।

সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা : পরিশিষ্ট-'ক'

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। অতপর উপজেলা সমাজসেবা অফিসার ও সদস্য সচিব কে গফরগাঁও সমাজকল্যাণ বিষয়ক কি কি কার্যক্রম গ্রহণ করা হয়েছে তা সভাকে অবহিত করার জন্য অনুরোধ জানান।

ক্রঃ নং	আলোচনা	সিদ্ধান্ত
১	<p>সভাপতি জানান যে, হিজড়া জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির জন্য প্রকল্প বাস্তবায়ন করতে হবে। তাছাড়া মানসিক প্রতিবন্ধী ব্যক্তিদের ও ক্যান্সার, কিডনী ও লিভার সিরোসিস আক্রান্তরোগীর আর্থিক সহায়তা প্রদানের জন্য উদ্ধতন কর্তৃপক্ষ বরাবর পত্র প্রেরণের জন্য উপজেলা সমাজসেবা অফিসার, গফরগাঁওকে নির্দেশনা প্রদান করেন।</p> <p>এসিডদক্ষ ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন এবং বেসরকারি এতিমখানা সমূহের ক্যাপিটেশন গ্র্যান্ট ও মুক্তিযোদ্ধা সম্মানি ভাতা এবং বয়স্ক ভাতার ও স্বামী পরিত্যক্তা অসহায় দুঃস্থ মহিলা ভাতা প্রদান এবং প্রতিবন্ধী শিক্ষার্থীদের শিক্ষা উপবৃত্তি কার্যক্রম সুষ্ঠু ও সুন্দর ভাবে বাস্তবায়ন করতে হবে।</p> <p>তিনি আও জানান যে, প্রতিবন্ধী শনাক্তকরণ জরিপ, ধরন ও মাত্রা নিরূপন এবং সনদ ও পরিচয়পত্র প্রদানের ক্ষেত্রে বিশেষ গুরুত্ব দিতে হবে এবং আরও জানান যে, শারীরিক প্রতিবন্ধী ব্যক্তিদের বৃত্তিমূলক প্রশিক্ষণ, কর্মসংস্থানের পুনর্বাসন জোরদার করতে হবে।</p>	<p>বিধি মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।</p>
	<p>উপজেলা সমাজসেবা অফিসার, গফরগাঁও অধ্যকার সভায় জানান যে, বর্তমান করোনা মহামারীতেও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা করা হচ্ছে। সরকার ঘোষিত সাধারণ ছুটিতেও অত্র অফিসের সকল কর্মকর্তা-কর্মচারীবৃন্দ নিয়মিত অফিসে উপস্থিত থেকে সেবা দিচ্ছে।</p>	<p>বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়নে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা কামনা করা হয়।</p>

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।




(রেশমা আক্তার)  
উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান  
উপজেলা পরিষদ, গফরগাঁও।  
তারিখঃ ১৭/১১/২০২১ খ্রিঃ

স্মারক নং-সমাজসেবা/গ.ম/২০২১-

অনুলিপিঃ সদস্য জ্ঞাতার্থে ও কার্যার্থেঃ

- ১। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
- ২। উপ-পরিচালক স্থানীয় সরকার, ময়মনসিংহ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, ময়মনসিংহ।
- ৫। চেয়ারম্যান.....ইউপি, গফরগাঁও, ময়মনসিংহ।



উপজেলা সমাজসেবা অফিসার  
গফরগাঁও, ময়মনসিংহ।